

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
জাতীয় রাজস্ব বোর্ড

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ : ১৭ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ/০১ জুলাই, ২০১৬ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ২২০-আইন/২০১৬/৪৭/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 219 এর sub-section (1), THIRD SCHEDULE এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০১৬ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত বিধিমালার-

- (১) বিধি ২ এর দফা (গ) এ উল্লিখিত “১৭” সংখ্যাটির পরিবর্তে “১৬” সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে;
- (২) বিধি ৩ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৩ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“৩। লাইসেন্সিং কর্তৃপক্ষ।- (১) লাইসেন্সিং কর্তৃপক্ষ কাস্টমস এজেন্ট লাইসেন্স প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্যপূরণকল্পে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে লাইসেন্সিং কর্তৃপক্ষ গঠিত হইবে, যথা:- (ক) কাস্টমস স্টেশনে কর্মরত অতিরিক্ত কমিশনার বা যুগ্ম কমিশনার এবং ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার এর সমন্বয়ে লাইসেন্সিং কর্তৃপক্ষ গঠিত হইবে; (খ) অতিরিক্ত কমিশনার বা যুগ্ম কমিশনার লাইসেন্সিং কর্তৃপক্ষের সভাপতি এবং ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার লাইসেন্সিং কর্তৃপক্ষের সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন করিবেন।”;

- (৩) বিধি ৫ এর উপ-বিধি (২) এর দফা (১১) এর প্রান্তস্থিত “।” দাড়ি এর পরিবর্তে “;” সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর দফা (১১) এর পর নিম্নরূপ নতুন দফা (১২) সন্নিবেশিত হইবে, যথা :-

“(১২) লাইসেন্সের অধীন কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে অফিস সংশ্লিষ্ট স্থান, স্থাপনা ভাড়ার চুক্তিপত্র বা উক্ত স্থান ও স্থাপনার মালিকানার স্বপক্ষে দলিলপত্র।”;

- (৪) বিধি ১২ এর উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা :-

“(২) এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্স হারাইয়া গেলে সংশ্লিষ্ট থানায় সাধারণ ডায়েরী করিতে হইবে এবং একটি জাতীয় পত্রিকায় হারানো বিজ্ঞপ্তি প্রকাশপূর্বক বর্ণিত দলিলাদির অনুলিপি আবেদনের সহিত দাখিল করিতে হইবে।”; এবং

- (৫) বিধি ১৪ এর দফা (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঙ) প্রতিস্থাপিত হইবে, যথা :-

“(ঙ) পণ্য চালানোর শুঙ্কায়ন সম্পন্ন হইবার পর পণ্যের শ্রেণীবিন্যাস (এইচ. এস. কোড), মূল্য, শুঙ্ক-করাদির পরিমাণ, প্রযোজ্য ক্ষেত্রে, সময় সময়, বলবৎ আমদানি নীতি আদেশ ও রপ্তানি আদেশের বাধ্যবাধকতাসহ অন্যান্য মৌলিক তথ্য গ্রাহককে অবহিত করা;”।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোঃ নজিবুর রহমান)

সিনিয়র সচিব